



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষিভবন

৪৯-৫১ দিলকুশাবানিজ্যিকএলাকা, ঢাকা-১০০০।

ক্রয়বিভাগ

www.badc.gov.bd



স্মারক নং-১২.০৬.০০০০.২২৫.০৭.০২১.২০-১০৬

তারিখঃ ১৩ আগস্ট, ২০২০।

এম. সি ট্রেড সেন্টার

দিলকুশা সেন্টার (১২ তলা)

২৮, দিলকুশা, মতিবিল বা/এ, ঢাকা-১০০০।

বিষয় : বিএডিসি'র উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ কার্যক্রম এর জন্য ১০ (দশ) কেজি ধারণক্ষমতাসম্পন্ন লট-০৩ এর ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) সংখ্যক লেমিনেটেড/পলিকোটেড চটের বস্তা পিপিআর-২০০৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে ক্রয়ের নিমিত্ত নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড জারী।

সূত্র : বিএডিসি'র দরপত্র নং-১২.০৬.০০০০.২২৫.০৭.০২১.২০ তারিখ : ০৮.০৩.২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিএডিসি'র উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ কার্যক্রম এর জন্য ১০ (দশ) কেজি ধারণক্ষমতাসম্পন্ন লট-০৩ এর ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) সংখ্যক লেমিনেটেড/পলিকোটেড চটের বস্তা এম. সি ট্রেড সেন্টার এর নিকট হতে ক্রয়ের জন্য ৪৯.৯৫ (উনপঞ্চাশ দশমিক পাঁচানব্বই) টাকা একক দর হিসেবে মোট মূল্য ১,২৪,৮৭,৫০০/ (এক কোটি চব্বিশ লক্ষ সাতাশ হাজার পাঁচশত) টাকায় ক্রয়ের জন্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, ক্রয়াদেশ জারীর লক্ষ্যে নিম্নে উল্লিখিত ব্যবস্থাদি গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো :

- (ক) আগামী ২৩.০৮.২০২০ তারিখের মধ্যে এ নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড গ্রহণের বিষয়টি নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে নিশ্চিত করতে হবে।
- (খ) আগামী ২৬.০৮.২০২০ তারিখের মধ্যে বিধি মোতাবেক মোট টাকার ১০% পারফরম্যান্স সিকিউরিটি টাকা মহানগরীতে অবস্থিত যেকোন শিডিউল ব্যাংক হতে (পূবালী/প্রাইম ব্যাংক ব্যতীত) পে-অর্ডার(বিএডিসি সিকিউরিটি ডিপোজিট এ্যাকাউন্ট)/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে এতদসঙ্গে সংযুক্ত ফরম্যাট অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে দাখিল করতে হবে।
- (গ) দাখিলকৃত পারফরম্যান্স সিকিউরিটি গ্রহণযোগ্য পাওয়া গেলে আগামী ০৯.০৯.২০২০ তারিখের মধ্যে সংযুক্ত ফরম্যাট অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে

০৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১-এ বর্ণিত বিএডিসি'র উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ কার্যক্রম এর জন্য ১০ (দশ) কেজি ধারণক্ষমতাসম্পন্ন লট-০৩ এর ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) সংখ্যক লেমিনেটেড/পলিকোটেড চটের বস্তা সরবরাহকল্পে অনুচ্ছেদ ২ এর ক্রমিক ক, খ ও গ এ বর্ণিত কার্য সম্পাদন করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১৬/৮/২০২০

(আহমেদ হাসান আল মাহমুদ)

মহাব্যবস্থাপক (ক্রয়)

বিএডিসি, ঢাকা

ফোন : ৯৫৫২১৩৬

E-mail-gmpurchase@badc.gov.bd

অনুলিপি :

১) অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপস), বিএডিসি, ঢাকা।

২) অফিস কপি/মাষ্টার ফাইল।